# ত্রয়োদশ জাতীয় সংসদে ১০৮ আসনে প্রার্থী ঘোষণা করল এবি পার্টি

সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনে প্রাথমিকভাবে ১০৮ আসনে প্রার্থী ঘোষণা করেছে আমার বাংলাদেশ (এবি) পার্টি। চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু জানান, এই তালিকা পর্যবেক্ষণের পর প্রয়োজন হলে জোটগত সমন্বয়ে সংশোধন করা হবে। তিনি আরও বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারে জোটবদ্ধ হতে বিভিন্ন দলের সঙ্গে আলোচনা চলছে।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রাথমিকভাবে ১০৮ আসনে প্রার্থী ঘোষণা করেছে আমার বাংলাদেশ (এবি) পার্টি। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) রাজধানীর পল্টনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দলটির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু এই প্রার্থী তালিকা প্রকাশ করেন।

তিনি জানান, আগামী এক মাস ধরে ঘোষিত প্রার্থীদের নির্বাচনী কর্মকাণ্ড ও মাঠপর্যায়ের প্রস্তুতি পর্যবেক্ষণ করা হবে। পরিস্থিতি ও জোটগত সমন্বয়ের ভিত্তিতে এই তালিকায় পরিবর্তন আনা হতে পারে বলেও উল্লেখ করেন তিনি।

মজিবুর রহমান মঞ্জু বলেন, “গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষা বাস্তবায়নে যে সব দল আন্তরিক, তাদের সঙ্গে আমরা জোটে আগ্রহী।” তিনি জানান, বর্তমানে এনসিপি, গণঅধিকার পরিষদ ও গণতন্ত্র মঞ্চের সঙ্গে জোটবদ্ধ হওয়ার বিষয়ে আলোচনা চলছে।

তিনি আরও বলেন, “প্রশ্নহীন ঐক্য যে বিজয় এনে দিয়েছে, সেটি রক্ষা করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। নির্বাচন সামনে রেখে কোনো হঠকারিতা জনগণ মেনে নেবে না।” এ সময় তিনি ‘জুলাই সনদ’-এ স্বাক্ষর করার বিষয়টিও নিশ্চিত করেন।

LENS ASIA